

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৯৬.১৩-২৭৫

তারিখঃ ১১/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় সংঘটিত বিভিন্ন অনিয়ম উৎঘাটনের জন্য গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় কর্মকালীন আপনার নির্ধারিত দায়িত্ব যথাযথভাবে পালন না করে মোল্লাডাঙ্গা লক্ষরপাড়া মহিলা সমিতিতে অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণ করায় উক্ত সমিতিতে ৩.৬৭ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপীর অর্থ অনাদায়ী রয়েছে। এছাড়া প্রতিবেদন দৃষ্টে প্রতীয়মান হয় সদস্যদের ঋণের আবেদন ও ঋণ বিতরণী সনদে প্রদত্ত স্বাক্ষরের সাথে সফটওয়্যারে প্রদত্ত স্বাক্ষরের অমিল, ঋণ বিতরণের জন্য নীতিমালা অনুযায়ী নির্ধারিত সঞ্চয়ের অর্থ জমা না থাকা সত্ত্বেও অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণ করা হয়েছে। তাছাড়া ঋণ বিতরণের প্রমাণক হিসেবে ঋণ বিতরণকালের গুপ ছবি সংরক্ষণ ও সমিতির সদস্যদের পাশ বহি সদস্য পর্যায়ে সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করার নির্দেশনা থাকলেও তা প্রতিপালন করা হয় নি। এতে প্রতীয়মান হয় আপনি আপনার দায়িত্ব পালনে উদাসীন ছিলেন অথবা ইচ্ছাকৃতভাবে দায়িত্ব অবহেলা করেছেন।

এমতাবস্থায়, মাগুরা জেলার শ্রীপুর উপজেলায় দায়িত্ব পালনে উদাসীনতা ও অনিয়মতান্ত্রিকভাবে বিতরণের কারণে অনাদায়ী ৩.৬৭ লক্ষ টাকা আপনার নিকট হতে আদায়সহ কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো, বিআরডিবি

জনাব মো: তরিকুল ইসলাম
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, মনিরামপুর, যশোর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ যশোর/মাগুরা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ শ্রীপুর/মনিরামপুর জেলাঃ মাগুরা/যশোর।
৪. ব্যক্তিগত/সংশ্লিষ্ট নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব।